



## প্রধান শিক্ষকের বিরুদ্ধে ৫ লাখ টাকা আত্মসাতের দায়ে মামলা

শাহজাদপুর থেকে সংবাদদাতা :  
সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপ-  
জেলার নুকালী বহুমুখী উচ্চ বিদ্যালয়ের  
প্রধান শিক্ষক মো. শাহজাহান আলীর  
বিরুদ্ধে প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে  
প্রায় ৫ লক্ষাধিক টাকা আত্মসাতের  
অভিযোগে ৬টি মামলা দায়ের করেছে  
জেলা দুর্নীতি দমন ব্যুরো।

জানা গেছে, উপজেলার নুকালী  
বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক  
শাহজাহান আলী কর্তৃক বিধি  
বহির্ভূতভাবে ২ জন সহকারী শিক্ষক, ১  
জন পিয়ন, ১ জন আমা ও ১ জন  
করণিক পদে ভূয়া নিয়োগ দেখিয়ে  
প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে সরকারি  
'ও বেসরকারি' বেতন-ভাতা উত্তোলন,  
ছাত্রছাত্রীদের নিবন্ধন ফি ও বিদ্যালয়ের  
আয়-ব্যয়ের উদ্ধৃত টাকাসহ প্রায় ৫  
লক্ষাধিক টাকা আত্মসাৎ করার  
অভিযোগে জেলা দুর্নীতি দমন ব্যুরোর  
সহকারী পরিদর্শক মো. আবুবকর  
সিদ্দিক ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে ৬টি  
পৃথক মামলা দায়ের করেছেন। সূত্রমতে  
আরও জানা গেছে, এ আত্মসাতের  
ঘটনার সঙ্গে অন্য কারও যোগসাজশ  
থাকলে তাকেও আসামি হিসেবে অন্তর্ভুক্ত  
করা হবে বলে এজাহারে উল্লেখ করা  
হয়েছে।

এদিকে প্রধান শিক্ষক কর্তৃক  
বিদ্যালয়ের ৫ লক্ষাধিক টাকা  
আত্মসাতের ঘটনায় এলাকায় ব্যাপক  
ক্ষোভের সৃষ্টি হয়েছে।